



## মিরপুরে বাসে আগুন দিয়ে ধাওয়া খেয়ে নদীতে পড়ে যুবকের মৃত্যু



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুর বেড়িবাঁধ এলাকায় পার্ক করা একটি বাসে আগুন দেওয়ার পর পালাতে গিয়ে ধাওয়া খেয়ে তুরাগ নদীতে পড়ে এক যুবকের মৃত্যু হয়েছে। নিহত যুবকের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে বেড়িবাঁধ সংলগ্ন তুরাগ নদীতে এ ঘটনা ঘটে। এর আগে রাত ১০টা ২২ মিনিটে তামান্না পার্কের সামনে 'কিরণমালা পরিবহন'-এর একটি বাসে দুর্বৃত্তরা অগ্নিসংযোগ করে পালানোর চেষ্টা করে। স্থানীয়রা বিষয়টি টের পেয়ে তাদের ধাওয়া দিলে একজন নদীতে লাফ দেন এবং পরে সেখান থেকে তার নিখর দেহ উদ্ধার করা হয়। এ সময় আরেকজন—রুদ্র মুহাম্মদ (২০)—কে স্থানীয়রা আটক করে এবং পরে তাকে শাহ আলী থানা পুলিশের কাছে হস্তান্তর করে।

শাহ আলী থানার তদন্ত পরিদর্শক মো. মতিউর রহমান জানান, আগুন লাগানোর পর দু'জন পালানোর চেষ্টা করলে স্থানীয়রা একজনকে ধরে ফেলতে সক্ষম হয়। ধারণা করা হচ্ছে, অন্য যুবকটি সাঁতার না জানায় নদীতে লাফ দিয়ে ডুবে মারা গেছে।

ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার রাফিকুল হাসান জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল গিয়ে দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনে, তবে বাসটি পুড়ে যায়।